দৈনিক সংবাদ

তারিখ 06 JUL 1995

পৃষ্ঠা ৮ কলাম ৩

29

# কৃষি বিশ্ববিদ্যালয়ে হরতাল, ব্যাপক বোমাবাজি

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৫ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– বিভিন্ন দাবিতে আন্দোলনরত বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদ আহূত আজকের হরতাল ব্যাপক বোমাবাজির মধ্য দিয়ে পালিতহয়েছে।

বিশ্ববিদ্যালয় রেলওয়ে স্টেশনে হরতালকারীরা অবরোধ সৃষ্টি করলে আন্তঃনগর পদ্মা, তিস্তাসহ বিভিন্ন ট্রেন সাত ঘন্টা দেরিতে চলাচল করে। সারাদিন অনুষদীয় ছাত্ররা মিছিল করে এবং এ সময় ককটেল ও হাতবোমার বিস্ফোরণ ঘটায়। বিকেলে উপাচার্যের বাসভবনের সামনে হরতালকারীরা সমাবেশ করে। এ সময়ও হাতবোমারবিস্ফোরণ ঘটে।